



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 5th Semester Examination, 2021-22

BNGACOR12T-BENGALI (CC12)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০ × ৪ = ৪০
(অনধিক ৩০০ শব্দে)

একক -১

১। ‘লিরিক কবিতা, আশ্চর্য স্বতঃস্ফূর্ত মূর্ছনা, নাটকীয়তা এবং গভীরতর ব্যঞ্জনা ‘একরাত্রি’ একটি সার্থক প্রশ্নের ছোটগল্প’ — আলোচনা করো। ১০

অথবা

‘আমি তো সওদা করতে আসি না’ — উক্তিটি কার ? বক্তার চরিত্রে যে পিতৃসত্তার পরিচয় পাওয়া যায় গল্পটি অবলম্বনে তা স্পষ্ট করো। ১+৯=১০

একক-২

২। সুবোধ ঘোষের ‘সুন্দরম্’ গল্পে লেখক মধ্যবিত্ত মনের যে পরিচয় দিয়েছেন তা আলোচনা করো। ১০

অথবা

“ ‘পরশুরামের কুঠার’ গল্পে ধনিয়া জীবন সংগ্রামের এক অপরায়ে শক্তি” — আলোচনা করো। ১০

একক -৩

৩। ‘তাজমহল’ গল্পে সমাজ বাস্তবতার যে চিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও। ১০

অথবা

‘আজ যদি কুন্ডিলাস, কাশীদাস থাকিতেন তাহা হইলে আমার বুদ্ধি, আমার বীরত্ব, আমার কীর্তির বিষয়ে তাঁহারা ছড়া বাঁধিতেন’ — উক্তিটি কার ? চরিত্রটি বিশ্লেষণ করো। ১+৯=১০

একক - ৪

৪। ‘যশোদা পেশায় জননী, প্রফেশনাল মাদার’, ‘সুন্দরায়িনী’ গল্প অবলম্বনে পেশাদার মা হিসেবে যশোদা চরিত্রটি মূল্যায়ন করো। ১০

অথবা

‘গণেশ’ গল্পে বিজ্ঞানের উদ্দেশ্যমূলক অপপ্রয়োগে লেখক জীবনের যে মর্মান্তিক পরিণতি রচনা করেছেন তার পরিচয় দাও। ১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দে) ৫×২= ১০
- (ক) 'টাকা যদি দাও তবেই অপমান। তোমার মেয়ের কি কোনো মর্যাদা নেই?' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে উক্তিটি করেছিল? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+২+২= ৫
- (খ) 'জীবনের চোরা ঘরে ওরা পাপের সঙ্গে চুক্তি করে চলে' — প্রসঙ্গ উল্লেখ করে বক্তার এই উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩= ৫
- (গ) 'চিরকাল আমি কপালে পুরুষ' — বক্তার এরূপ মনে হওয়ার কারণ কি? বুঝিয়ে দাও। ৫
- (ঘ) 'দেহগত তুচ্ছ একটা পটুতা নয়, ভালোবাসা পাওয়াও না, শুধুমাত্র ভালোবাসতে পারাই যে যৌবন, এ বয়সে একথা বোঝা তোমার পক্ষে শক্ত হবে।' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—